বাংলাদেশ জাতীয়তাবাদী দল
কেন্দ্রীয় কার্যালয়ঃ ২৮/১, নয়াপল্টন, ভি আই পি রোড, ঢাকা-১০০০। ফোন: ৯৩৬১০৬৪ ফ্যাক্স: ৮৩১৮৬৮৭ E-mail: bnpcentral@gmail.com
চেয়ারপার্সনের কার্যালয় ঃ বাসা নং-০৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা-১২১২। ফোন: ৯৮৮৩৪৬২ ফ্যাক্স: ৯৮৮৩৪৫২ E-mail: bnpcpo@gmail.com

তারিখ ঃ ১৮ জুলাই ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি

## বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি'র বিবৃতি

চট্টগ্রাম শহরের আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি এবং নিরপরাধ ব্যবসায়ীদেরকে মিথ্যা মামলা ও চাঁদাবাজীর কবল থেকে রক্ষার জন্য জোর আহবান জানিয়েছে **বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি**।

আজ বিএনপি'র এক বিবৃতিতে বলা হয়-রাজধানী ঢাকার পর চট্টগ্রাম দেশের দ্বিতীয় গুরুত্বপূর্ণ শহর। বন্দর নগরী হিসেবে চট্টগ্রামের গুরুত্ব অপরিসীম। মূলত: সারাদেশের ব্যবসা বানিজ্য পরিচালিত হয় চট্টগ্রাম থেকেই। ব্যবসা বানিজ্যের উন্নতি এবং দেশের আর্থিক খাতকে শীর্ষস্থানে নিয়ে যেতে হলে এই শহরটিতে আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন অপরিহার্য। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও সত্য যে, বর্তমানে চট্টগ্রাম শহরে ব্যবসায়ীসহ সাধারণ মানুষের বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে হয়রানী এবং চাঁদাবাজির দৌরাত্বে শহরটিতে আইন শৃঙ্খলা পরিস্থিতির নাজুক অবস্থা বিরাজ করছে। এ ধরণের অবণতিশীল আইন শৃঙ্খলা পরিস্থিতি ব্যবসা-বানিজ্য কার্যক্রমে নেতিবাচক প্রভাব ফেলছে। এই পরিস্থিতি চলমান থাকলে দেশের ব্যবসা বানিজ্য তথা অর্থনীতি স্থবির হয়ে পড়বে।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি সর্বস্তরের ব্যবসায়ী মহল ও জনগণকে এ বিষয়ে একসাথে দুস্কৃতিকারিদেরকে প্রতিহত করার আহবান জানায়। বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি চট্টগ্রাম শহরে চাঁদাবাজি, মিথ্যা মামলা দিয়ে সাধারণ মানুষকে নাজেহাল ও অবনতিশীল আইন শৃঙ্খলা পরিস্থিতিতে চরম উদ্বেগ প্রকাশ করছে এবং এই সমস্ত অনাচারের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণে স্থানীয় প্রশাসনকে আহবান জানাচ্ছে।

(অ্যাডভোকেট রুহুল কবির রিজভী)
সিনিয়র যুগ্ম মহাসচিব
বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।